

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৫-৭২

তারিখ: ২০.৬.১৬ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ কাদেরুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারীকে তার পূর্বতন কর্মস্থল বগুড়া জেলাধীন গাবতলী উপজেলায় খেলাপী আদায়ের নিমিত্ত সাময়িক সংযুক্ত করা হলে উক্ত সংযুক্ত কর্মস্থলে গত ০৮-৭-২০১৪ খ্রিঃ তারিখ হতে তিনি অননুমোদিতভাবে অনুস্থিত থাকায় অত্র দপ্তরের ২৫-০৫-২০১৫ খ্রিঃ তারিখে ১৯৪ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেননি বিধায় তার ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়নি;


৩। যেহেতু, উক্ত বিভাগীয় মামলা নিষ্পত্তির নিমিত্ত বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত ০৮-৭-২০১৪ হতে অদ্যাবধি অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি প্রমাণিত মর্মে উল্লেখ রয়েছে;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ থাকা এবং নথিপত্র পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত বিধায় একই বিধিমালার ৪(৩)(ডি) ধারার বিধান মতে তাকে চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) দপ্তরোপের প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ২৮-১২-২০১৫ খ্রিঃ তারিখের ৪৫৪ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয় এবং তার দ্বারা গত ৩০-১২-২০১৫ খ্রিঃ তারিখে প্রাপ্তি নিশ্চিত করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান থেকে বিরত রয়েছেন;

৫। যেহেতু, বিভাগীয় তদন্তে অভিযোগ প্রমানিত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করা এবং নথি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয় এবং একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ই) ধারার বিধান মতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য তাকে বর্তমান টাইমস্কেলের প্রারম্ভিক ধাপে বেতন অবনমিতকরণ দণ্ডে দণ্ডিত করা হলো ;


এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখ: ২০.৬.১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৫-৭২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া/নীলফামারী।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী/গাবতলী, বগুড়া।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারী-কে অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত শাস্তি তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গাবতলী, বগুড়া।
- ০৭। জনাব মোঃ কাদেরুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারী(সংযুক্ত গাবতলী, বগুড়া)।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃঙ্খলা)  
ফোন : ৯৫৫১৮৫৯